

সিলেটে শিক্ষামন্ত্রী
ফ্ল্যাট ভাড়া নিয়ে
আর বিশ্ববিদ্যালয়
চালানো যাবে না

সিলেট অফিস >

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, ঢাকায় বিভিন্ন এলাকায় ফ্ল্যাট ভাড়া নিয়ে চলছে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম। এভাবে বিশ্ববিদ্যালয় আর চালানো যাবে না। একটি অঞ্চল জমির ওপর বিশ্ববিদ্যালয় স্থাপিত হতে হবে, যার কোনো আউটার ক্যাম্পাস থাকবে না। গতকাল শনিবার বিকেলে সিলেটের গোলাপগঞ্জ উপজেলার হেতিমগঞ্জ নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ-এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জ্যাডভোকেট ইকবাল আহমদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আতফুল হাই শিবলী।